# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
## স্বাধীনতা ভবন
## ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
## প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (২০২৪-২০২৫ খ্রি:) অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহাবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ০১/০৯/২০২৪ খ্রি: |
| সভার সময় | : | বেলা ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা। |
| সভায় উপস্থিতি | : | সংযোজনী-"ক" |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য যুগ্মপরিচালক (প্রশাসন) ও নৈতিকতা কমিটির সদস্য জনাব মোঃ ফয়েজ আহমেদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান। যুগ্মপরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অংশ। ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিগত ২৬-০৬-২০২৪খ্রি: তারিখে চূড়ান্ত করে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে (www.bffwt.gov.bd) আপলোড করা হয়েছে। এখন এ কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। কর্মপরিকল্পনার সূচক ১.১ অনুযায়ী বৎসরে ৪ (চার) ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির ৪ (চার) টি সভা আয়োজন করতে হবে। অদ্যকার সভাটি ১ম ত্রৈমাসিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২৪খ্রি.) সভা।

০২। সভাপতি নৈতিকতা কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয়তা, নৈতিকতা ও এর বৈশিষ্ট্য এবং নৈতিকতার ক্ষেত্র ইত্যাদি বিষয়ে আলোকপাত করেন। তিনি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী যথাসময়ে কাজ সম্পন্ন করা, আর্থিক বিধিবিধান মেনে চলা, যথা সময়ে অফিসে আসা এবং অফিস ত্যাগ করা ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান করেন।

০৩। অত:পর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ট্রাস্টের যুগ্মপরিচালক (প্রশাসন) বলেন, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ অর্থবছরে নৈতিকতা কমিটির মোট ০৪টি সভা অনুষ্ঠানের পরিকল্পনা রয়েছে। সে মোতাবেক আজকের এ সভাটি ১ম সভা। সভাপতি অবশিষ্ট সভাগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণসহ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। | সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নসহ ট্রাস্টের তথ্য ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি/ সহকারী প্রোগ্রামার (আইসিটি)/সকল বিভাগ/শাখা, বামুকট্রা। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সভাপতি নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ/শাখা/ ফোকাল পয়েন্ট, ইনোভেশন, বামুকট্রা। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের stakeholders) অংশগ্রহণে সভা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ০৪টি সভা অনুষ্ঠানের জন্য পরিকল্পনা রয়েছে। তন্মধ্যে ১ম সভা আগামী ০৪/০৯/২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত হবে। | নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট সংখ্যক সভা আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |

| | | | |
|---|---|---|---|
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন/মত বিনিময় সভা আয়োজন। | যুগ্মপরিচালক (প্রশাসন) বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫-এ ৬০ (ষাট) জন কর্মকর্তা ও কর্মচারীদেরকে নিয়ে ০৪ টি প্রশিক্ষণের আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক গত ০৮/০৮/২০২৪ খ্রি: তারিখে ০১টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। সভাপতি অবশিষ্ট প্রশিক্ষণসমূহ যথাসময়ে আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত সংখ্যক কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ১.৫ **কর্ম-পরিবেশ উন্নয়ন:**<br>(১) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ;<br><br>(২) নথি বিনষ্টকরণ;<br><br>(৩) ৪র্থ শ্রেণির কর্মচারীদের (১৭-২০ গ্রেডের) দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা;<br>(২)<br>**অতিরিক্ত ০২টি কাজ:**<br>(১) পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি;<br>(২) সেবা গ্রহণের নিমিত্ত আগত সেবা প্রত্যাশিদের জন্য বসার স্থান ও সুপেয় পানির ব্যবস্থাকরণ। | (ক) সভাপতি, অকেজো/অপ্রয়োজনীয় মালামাল বিনষ্টকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।<br>(খ) বৎসর শেষে 'ঘ' শ্রেণির (অপ্রয়োজনীয় নথি) নথি বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করেন।<br>(গ) ৪র্থ শ্রেণির (১৭-২০ গ্রেডের) কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।<br>(ঘ) পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির অংশ হিসেবে অফিস কক্ষ, আঙিনা, ফ্লোর, ভবনের ছাদ, ফুলের টব পরিষ্কারকরণ, ভাঙ্গা ফুলের টব ও পুরাতন ফুল গাছ অপসারণ করে নুতন টব, নতুন ফুল গাছ ও নুতন ডাস্টবিন প্রতিস্থাপন ও নিয়িমত পরিষ্কারকরণের উপর গুরুত্বারোপ করেন।<br>(ঙ) পানি অপচয় রোধ ও সেবা গ্রহণের নিমিত্ত আগত সেবা প্রত্যাশিদের জন্য বসার স্থান ও সুপেয় পানির ব্যবস্থাকরণ বিষয়ে একটি অফিস আদেশ জারি এবং মনিটরিং করার জন্য একটি মনিটরিং টিম গঠন করা যেতে পারে। | (ক) অকেজো/অপ্রয়োজনীয় মালামাল নিলামে বিক্রির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(খ) বৎসর শেষে 'ঘ' শ্রেণির (অপ্রয়োজনীয় নথি) নথি বিনষ্টকরণ নিশ্চিত করতে হবে।<br><br>(গ) ৪র্থ শ্রেণির (১৭-২০ গ্রেডের) কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে।<br>(ঘ) অফিস কক্ষ, আঙিনা, ফ্লোর, ভবনের ছাদ, ফুলের টব পরিষ্কারকরণ, ভাঙ্গা ফুলের টব ও পুরাতন ফুল গাছ অপসারণ করে নুতন টব, নতুন ফুল গাছ ও নুতন ডাস্টবিন প্রতিস্থাপন ও নিয়মিত পরিষ্কার করতে হবে।<br><br>(ঙ) পানি অপচয় রোধ ও সেবা গ্রহণের নিমিত্ত আগত সেবা প্রত্যাশিদের জন্য বসার স্থান ও সুপেয় পানির ব্যবস্থাকরণ বিষয়ে একটি অফিস আদেশ জারি এবং মনিটরিং করার জন্য একটি মনিটরিং টিম গঠন করতে হবে। | অকেজো মালামাল বিনষ্টকরণ কমিটি বামুকট্রা/শিল্প ও বাণিজ্য বিভাগ।<br>ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা।<br><br>ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা।<br><br>ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা।<br><br>ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ২.১ ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়- পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | যুগ্মপরিচালক (প্রশাসন) বলেন, গত ৩১-০৭-২০২৪ খ্রি: তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫ এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা থাকায় সে অনুযায়ী ৩১/০৭/২০২৪ খ্রি: তারিখেই ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভাপতি পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে গুরুত্বারোপ করেন। | ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ট্রাস্টের ওয়েবসাইটে প্রকাশ করায় আগামী সভার কার্যপত্র হতে এটি বাদ দেয়া যেতে পারে। | সকল বিভাগ/শাখা বামুকট্রা |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | সভাপতি, অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | ২০২৪-২৫ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগ/শাখা বামুকট্রা |

চলমান পাতা-৩

| | | | |
|---|---|---|---|
| ২.৩ বাজেট বাস্তবায়ন | সভাপতি, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। | চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (অর্থ)/ সকল বিভাগ/শাখা |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | সভাপতি, সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | পরিচালক (অর্থ/কল্যাণ/বাওউ/প্রশাসন) ও সকল বিভাগ/শাখা |
| ৩.২ সেবা সপ্তাহ চালু ও সেবা মনিটরিং | সেবা সপ্তাহ চালু ও সেবা মনিটরিং করা। | যথাসময়ে সেবা সপ্তাহ চালু ও সেবা মনিটরিং করতে হবে। | যুগ্মপরিচালক (প্রশাসন) বামুকট্রা/নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৩ স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির জন্য শুনানী গ্রহণ | সভাপতি বলেন ট্রাস্টের স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে নিয়মিত শুনানী গ্রহণ করা হচ্ছে। | স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে শুনানী গ্রহণ অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৪ দুর্নীতি যাতে পুনরাবৃত্তি না ঘটে সে লক্ষ্যে মনিটরিং কমিটি গঠন ও নিয়মিত মনিটরিং করা | সভাপতি, দুর্নীতি যাতে পুনরাবৃত্তি না ঘটে সে লক্ষ্যে মনিটরিং কমিটি গঠন ও নিয়মিত মনিটরিং করার জন্য নির্দেশনা প্রদান করেন। | নিয়মিত মনিটরিং করার জন্য একটি মনিটরিং কমিটি গঠন করা হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| **বিবিধ:** | | | |
| (১) সচিবালয় নির্দেশমালা অনুসরণ। | সভাপতি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী যথাসময়ে কাজ সম্পন্ন করা, আর্থিক বিধিবিধান মেনে চলা, যথা সময়ে অফিসে আসা এবং অফিস ত্যাগ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। | সচিবালয় নির্দেশমালা অনুযায়ী যথাসময়ে কাজ সম্পন্ন করতে হবে, আর্থিক বিধিবিধান মেনে কাজ করতে হবে এবং সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ অনুযায়ী যথা সময়ে অফিসে আসতে হবে এবং অফিস ত্যাগ করতে হবে। | ট্রাস্টের সকল বিভাগ/শাখার কর্মকর্তা/কর্মচারী। |
| (২) সেবা গ্রহীতার প্রতি আচরণ ও সহযোগিতা। | সভাপতি সেবাগ্রহিতাদের প্রতি সহযোগিতাপূর্ণ মনোভাব পোষণ, তাদের কথা মনোযোগ দিয়ে শুনা এবং তাদের সঙ্গে ভাল আচরণের নির্দেশনা প্রদান করেন। | সেবাগ্রহিতাদের প্রতি সহযোগিতাপূর্ণ মনোভাব পোষণ করতে হবে, তাদের কথা মনোযোগ দিয়ে শুনতে হবে এবং তাদের সঙ্গে ভাল আচরণ করতে হবে। | ট্রাস্টের সকল বিভাগ/শাখার কর্মকর্তা/কর্মচারী। |

০২। অতঃপর আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
ফোনঃ ২২৩৩৮১৮১৩

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২ খ্রি:

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৫.২২- ৮১৪

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২। পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন/অর্থ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৩। অতিরিক্ত পরিচালক (কল্যাণ ও গবেষণা) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৪। সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অর্থ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৫। যুগ্মপরিচালক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি,বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৮। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। **(ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করবেন)**
০৯। অফিস কপি/গার্ড ফাইল।

২/৯/২০২৪

(মোঃ ফয়েজ আহমেদ খান)
যুগ্মপরিচালক (প্রশাসন)
ও
সদস্য, নৈতিকতা কমিটি
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**
**স্বাধীনতা ভবন, প্রশাসন বিভাগ**
**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**

| | | |
|---|---|---|
| বিষয় | : | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত বিষয়ে **নৈতিকতা কমিটি'র** ১ম সভা |
| সভাপতি | : | এস এম মাহাবুবুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ ও সময় | : | ০১/০৯/২০২৪ খ্রি: বিকাল ০৩.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার উপস্থিতি | : | |

| ক্র:নং | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব জামিল আহমেদ | অতিরিক্ত পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) | [signature] ০১/০৯/২০২৪ |
| ২ | মো: খোরশেদ আলম | অতিরিক্ত পরিচালক (কল্যাণ), ও সদস্য, নৈতিকতা কমিটি | [signature] ০১/৯/২৪ |
| ৩ | মোঃ ফয়েজ আহমেদ খান | যুগ্মপরিচালক (প্রশাসন), ও সদস্য, নৈতিকতা কমিটি | [signature] ০১/৯/২৪ |
| ৪ | মো: সাজ্জাদুল ইসলাম | সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি | [signature] ১/৯/২৪ |
| ৫ | মোঃ ইকবাল হোসেন | সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও সদস্য, নৈতিকতা কমিটি | [signature] ০১/০৯/২৪ |
| ৬ | শেখ গোলাম সরোয়ার | সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি | [signature] ১/৯/২৪ |